



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

www.mymensingheducationboard.gov.bd

নং- মশিবো/বি/১৫/শের/১৫২

তারিখঃ ১৪/০৯/২০২৩ খ্রি.

বিষয় : বিদ্যালয়ের মাধ্যমিক পর্যায়ে প্রথম একাডেমিক স্বীকৃতিসহ স্বীকৃতির সময়সীমা বৃদ্ধি প্রসঙ্গে।

সূত্র : বোর্ডের মঞ্জুরী কমিটির ১৪/০৮/২০২৩ খ্রিঃ তারিখের ৫ম সভার সিদ্ধান্ত।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নিম্নোক্ত শর্তসাপেক্ষে “ভেদীকুড়া উচ্চ বিদ্যালয়”- কে ০১/০১/২০২৩ থেকে ৩১/১২/২০২৫ তারিখ পর্যন্ত ০৩ (তিন) বছরের জন্য অস্থায়ীভাবে মাধ্যমিক পর্যায়ে প্রথম একাডেমিক স্বীকৃতিসহ স্বীকৃতির সময়সীমা বৃদ্ধি করা হলো। বিদ্যালয়ে জাতীয় পাঠ্যক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের নির্ধারিত পাঠ্যসূচি ও কেবলমাত্র বোর্ড কর্তৃক অনুমতিপ্রাপ্ত বিষয়সমূহ পাঠদান করতে হবে এবং প্রদত্ত মেয়াদকালের মধ্যে পরবর্তী স্বীকৃতির সময়সীমা বৃদ্ধির জন্য ফি জমাসহ আবেদন পেশ ও আরোপিত শর্তাদি পূরণের ব্যবস্থা করতে হবে।

শর্তসমূহ

১. নিয়োগকৃত শিক্ষক-কর্মচারী তথা জনবলের বেতন-ভাতাদি (এমপিও না দেওয়ার শর্তে) প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল হতে পরিশোধ করতে হবে।
২. প্রতিষ্ঠানের নামে ক্রয়কৃত জমিতে ভবন নির্মাণ করে শিক্ষা কার্যক্রম পরিচালনা করতে হবে। কোন অবস্থায় ভাড়া বাড়াতে শিক্ষা কার্যক্রম পরিচালনা করা যাবে না।
৩. বিদ্যালয়ের নামে অনুমোদনহীন কোন ক্যাম্পাস বা ব্রাঞ্জ খোলা যাবে না।
৪. বিদ্যালয়ের সংরক্ষিত তহবিলের অর্থ বোর্ডের পূর্বানুমতি ব্যতীত উত্তোলন করা যাবে না।
৫. ধর্মীয় ও সামাজিক মূল্যবোধ ইত্যাদির সাথে সাংঘর্ষিক কোন কার্যক্রম পরিচালনা করা যাবে না।
৬. বিজ্ঞানাগারের জন্য পৃথক ল্যাব তৈরি করে প্রয়োজনীয় বৈজ্ঞানিক সরঞ্জামাদি স্থাপন করে ব্যবহারিক কার্যক্রম চলমান রাখতে হবে।
৭. বিদ্যালয় পাঠাগারে, মুক্তিযুদ্ধ বিষয়ক এবং বিষয়ভিত্তিক আরও ২০,০০০ (বিশ হাজার) টাকার বই ক্রয় করতে হবে এবং শিক্ষার্থীদের জ্ঞান প্রসারের লক্ষ্যে তাদের নিকট নিয়মিত বই সরবরাহ করে পাঠাভ্যাস গড়ে তোলার জন্য উৎসাহিত করতে হবে।
৮. কোন শর্ত প্রতিপালনে ব্যর্থ হলে সরকার যে কোন সময় এর অনুমোদন বাতিল করতে পারবে।
৯. মাধ্যমিক পর্যায়ে একাডেমিক স্বীকৃতির মেয়াদ উত্তীর্ণের অন্তত: ০৪ (চার) মাস পূর্বে স্বীকৃতি নবায়নের জন্য আবেদন দাখিল করতে হবে।
১০. বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান(নিম্নমাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক) স্থাপন, পাঠদান ও একাডেমিক স্বীকৃতি প্রদান নীতিমালা- ২০২২ অনুযায়ী সকল শর্ত যথাযথভাবে পূরণ করতে হবে।
১১. খেলাধুলার মাঠ উন্নয়নসহ বিদ্যালয় আঙ্গিনায় ফুলের বাগান তৈরী এবং বিদ্যালয়ের চারপাশে অধিক সংখ্যক মূল্যবান গাছের চারা রোপন করে বিদ্যালয়ের সৌন্দর্য ও আয় বৃদ্ধির ব্যবস্থা করতে হবে।
১২. বিদ্যালয়ের শিক্ষার্থী এবং পরীক্ষার্থীর সংখ্যা ও ফলাফল আরো ভাল করতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

স্বাঃ-

ড. মোঃ দিদারুল ইসলাম

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

প্রাপক : প্রধান শিক্ষক

ভেদীকুড়া উচ্চ বিদ্যালয় (EIN-113803)

নালিতাবাড়ী, শেরপুর।

স্মারক নং- মশিবো/বি/১৫/শের/১৫২(১২)

তারিখঃ ১৪/০৯/২০২৩ খ্রি.

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৩. মহাপরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত্র, ঢাকা।
৪. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ।
৫. পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
৬. উপজেলা নির্বাহী অফিসার, নালিতাবাড়ী, শেরপুর।
৭. জেলা শিক্ষা অফিসার, শেরপুর।
৮. সহকারি প্রোগ্রামার, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ। (পত্রটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের জন্য)
৯. সভাপতি, ভেদীকুড়া উচ্চ বিদ্যালয়, নালিতাবাড়ী, শেরপুর।
১০. পি এস টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
১১. অফিস কপি।

14.09.2023

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।